# বাঁকুড়ায় হল্ট স্টেশনের শিলান্যাস করলেন সাংসদ

দুরন্ত বার্তা,বাঁকুড়া, ১১ ফেব্রুয়ারি ঃ অবশেষে দীর্ঘ অপেক্ষার অবসান। ৩৫ বছর ধরে হল্ট স্টেশনের দাবি ছিল বাঁকুড়াবাসীর। অবশেষে প্রস্তাবিত হল্ট স্টেশনের শিলান্যাস হল বৃহস্পতিবার। অর্থাৎ নতুন স্টেশনের জন্য ভিত্তিপ্রস্তর স্থাপন করা হল। দক্ষিণ-পূর্ব রেলের আদ্রা শাখার বাঁকুড়া আচুরি স্টেশনের মাঝে অবস্থিত কেশরা কাটজুড়িডাঙ্গা এলাকার বাসিন্দারা বহু বছর ধরেই সেখানে হল্ট স্টেশনের দাবি জানিয়ে আসছিলেন। কখনও আদ্রা ডিআরএম, কখনও জেলাশাসকের কাছে আন্দোলন চালিয়ে যাচ্ছিলেন স্থানীয়রা। একাধিক বার রেলের উচ্চপদস্থ আধিকারিক থেকে জেলা ও রাজ্যের রাজনৈতিক মহলের দাবি জানিয়েছেন তারা। তবে তা সত্ত্বেও কোনো সুরাহা হয়নি। তবে ভোটের মুখে এসে এই শিল্যানাসে খুশি এলাকাবাসী। প্রসঙ্গত গত দু'দশক ধরে দ্রত গতিতে লোকসংখ্যা বৃদ্ধির পাশাপাশি বাঁকুড়া শহর বিস্তার লাভ করেছে। শহরের ম্যাপ দীর্ঘায়িত হয়েছে পশ্চিমপ্রান্তে। শহরের মানুষের একমাত্র রেল স্টেশনটি পূর্ব প্রান্তে অবস্থিত হওয়ায় শহরের পশ্চিম প্রান্তে বসবাসকারী মানুষদের প্রায় ৬ থেকে ৭ কিলোমিটার পাড়ি দিয়ে শহরের যানজট অতিক্রম করে ধরতে হত ট্রেন। পাশাপাশি শহরের পশ্চিম প্রান্তে দক্ষিণবঙ্গের অন্যতম বড় হাসপাতাল বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজ অবস্থিত হওয়ায় ট্রেনে আসা রোগী ও রোগীর আত্মীয়দের হাসপাতালে যেতে নিত্যদিন চূড়ান্ত নাকাল হতে হত। তাই দু'দশক আগে থেকেই কাটজুড়িডাঙ্গা এলাকায় একটি হল্ট স্টেশনের দাবি জানিয়ে আসছিলেন শহরের পশ্চিম প্রান্তের মানুষ। দীর্ঘ লড়াইয়ের পর মাস কয়েক আগে রেল মন্ত্রক কাটজুড়িডাঙ্গায় হল্ট স্টেশনের অনুমোদন দেয়। বৃহস্পতিবার আনুষ্ঠানিক ভাবে বাঁকুড়ার সাংসদ ডাঃ সুভাষ সরকারের হাত ধরে শিলান্যাস হল সেই হল্ট স্টেশনটির। স্টেশনটির শিল্যানাসে এদিন উপস্থিত ছিলেন রেলের আদ্রা ডিভিশনের ধনেশ্বর মাহাতো, সিনিয়র ডিসিএম ওম প্রকাশ চরণ সহ একাধিক রেলের আধিকারিক। এদিন এই অনুষ্ঠান চলাকালীন 'জয় শ্রী রাম' ধ্বনি ওঠে। অনুষ্ঠান দেখতে আসা উৎসাহী সাধারন মানুষ বিষয়টি নিয়ে আড়ালে নিন্দা জানান তৎক্ষনাৎ। এরকম এক সরকারি অনুষ্ঠানকে দলীয় অনুষ্ঠানে রূপান্তরিত করা ঠিক নয় বলে তারা দাবী করেন। এপ্রসঙ্গে সংবাদমাধ্যম সাংসদ সুভাষ সরকারকে প্রশ্ন করলে সুভাষবাবু বলেন, জয় শ্রীরাম ধ্বনি অনুষ্ঠানের অনেকটা আবেদনমূলক ধ্বনি। এই ধ্বনি কোন রাজনৈতিক ধ্বনি নয়। এই ধ্বনি শুনে যাদের অসুবিধা হচ্ছে তাদের সাইডে থাকতে বলুন।




## আগুনে ছাই আসবাবপত্র ও টাকা

দুরন্ত বার্তা, নবদ্বীপ, ১১ ফেব্রুয়ারি ঃ বৃস্পতিবার সাত সকালে নবদ্বীপের একটি বাড়িতে ভয়াবহ অগ্নিকাণ্ডের জেরে পুড়ে ছাই আসবাবপত্রের পাশাপাশি নগদ টাকা। যার জেরে ছড়াল এলাকায় তীব্র চাঞ্চল্য। স্থানীয় বাসিন্দাদের পাশাপাশি দমকলের দুটি ইঞ্জিনের দীর্ঘ এক ঘন্টার চেষ্টায় আগুন আয়ত্বে আসে। স্থানীয় সূত্রের খবর বৃহস্পতিবার আনুমানিক সকাল পৌনে দশটা নাগাদ নবদ্বীপ পৌরসভার ৯ নং ওয়ার্ডের যোগনাথতলা এলাকায় মধুমিতা ভট্টাচার্য নামে এক বৃদ্ধার বাড়িতে হঠ্যাতই আগুন লেগে যায়। আগুন লাগায় বাড়ির সমস্ত ঘরের জানালা দিয়ে তীব্র বেগে আগুনের সঙ্গে ধোঁয়া বের হতে দেখে প্রতিবেশীদের মধ্যে আতঙ্কের সৃষ্টি হয়। কিছুটা ধাতস্থ হতেই নিজেরাই উদ্যোগ নিয়ে আগুন নেভাবার চেষ্টা শুরু করেন। পাশাপাশি দমকল ও স্থানীয় প্রশাসনকে বিষয়টি জানান। খবর পেয়ে দ্রুত ঘটনাস্থলে পৌঁছায় দমকল বাহিনীর দুটি ইঞ্জিন। পাশাপাশি ঘটনাস্থলে ছুটে আসে স্থানীয় পুলিশ-প্রশাসন ও প্রাক্তন ওয়ার্ড কাউন্সিলর শ্যামাপ্রসাদ পাল এবং পৌরসভার প্রশাসক বিমানকৃষ্ণ সাহা। দমকলের দুটি ইঞ্জিনের দীর্ঘ একঘন্টার চেষ্টায় অবশেষে আগুন আয়ত্বে আসে। এরমধ্যেই প্রাক্তন ওয়ার্ড কাউন্সিলর তথা শহর তৃণমূল কংগ্রেসের সভাপতি শ্যামাপ্রসাদ পাল আগুন নেভানোর তদারকি করতে গিয়ে পা কেটে যায়। প্রাথমিক চিকিৎসা করাতে হয় তার। আগুন লাগার বিষয়ে নবদ্বীপ পৌরসভার প্রশাসক বিমান কৃষ্ণ সাহা জানান, ওই বাড়ির মালিক বৃদ্ধা মধুমিতা ভট্টাচার্য আবর্জনা জ্বালিয়ে ছিলেন। সম্ভবত সেই থেকে আগুন লাগলেও লাগতে পারে। তবে সবটাই তদন্ত সাপেক্ষ। অন্যদিকে দমকল সূত্রে জানান হয়, গ্যাস সিলিন্ডার বা অন্যকিছু থেকে আগুন লাগতে পারে। তদন্ত করে দেখা হচ্ছে কি কারণে আগুন লাগল বাড়িতে। অপরদিকে ওই বাড়ির একমাত্র ছেলে সোমতীর্থ ভট্টাচার্য জানান, আগুন লাগার সময় আমি বাথরুমে ছিলাম। মা বাড়ির উঠানে আবর্জনা নষ্ট করতে আগুন জ্বলিয়েছিল। সেই থেকে আগুন লাগল কি না বুঝতে পারছিনা। স্থানীয় সূত্রের খবর অগ্নিকান্ডে লক্ষাধিক টাকার আসবাবের পাশাপাশি বেশ কয়েক হাজার নগদ টাকাও আগুনের গ্রাসে পুড়ে ছাই হয়েছে। যদিও সত্যতা স্বীকার করেননি ওই বাড়ির দুই সদস্য।

## তৃণমূল-বিজেপি সংঘর্ষে আহত ৮

দুরন্ত বার্তা, সাঁইথিয়া, ১১ ফেব্রুয়ারি ঃ শাসক ও বিরোধী সংঘর্ষের জেরে উত্তপ্ত হয়ে উঠলো বীরভূম জেলার সিউড়ি সদর মহকুমার সাঁইথিয়া ব্লকের আমোদপুর এলাকা। সেখানকার কোনা গ্রামের শ্রীনিধিপুরে বুধবার রাত থেকেই শুরু হয়েছে তৃণমূল-বিজেপি সংঘর্ষ। এই ঘটনার জেরে দুই তরফের মোট ৮জন আহত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছে। এই ঘটনায় বৃহস্পতিবারও থমথমে রয়েছে এলাকা। প্রাথমিক ভাবে জানা গিয়েছে স্থানীয় একটি কালীপুজোর পরিচালন কমিটির দখলদারি নিয়ে গতবছর থেকেই বিবাদ চলছিল দুই রাজনৈতিক দলের মধ্যে। এবারে সেই পুজো চলাকালীন সমইয়ে দুই দলের কর্মীদের মধ্যে বিবাদ লাগে প্রসাদ বিতরণকে কেন্দ্র করে। অভিযোগ, শাসক দলের কর্মীরা বচসা চলাকালীন সময়ে গেরুয়া কর্মীদের গায়ে গরম ফুটন্ত জল ছুঁড়ে দেওয়ার পাশাপাশি তাঁদের শরীরে গরম খিচুড়িও ঢেলে দেন। জানা গিয়েছে, শ্রীনিধিপুর গ্রামে রটন্তী কালিপুজো উপলক্ষ্যে গতকাল রাতে ভোগ বিতরণের ব্যবস্থা করা হয়েছিল। সেই সময় সময়ই তৃণমূল ও বিজেপির স্থানীয় কয়েকজন কর্মী নিজেদের মধ্যে বচসায় জড়িয়ে পড়ে। মুহূর্তে তা চরম আকার নেয়। তর্কাতর্কি পৌঁছয় হাতাহাতিতে। অভিযোগ, সেই সময়েই হঠ্যাৎই তৃণমূলের কয়েকজন গরম জল ও খিচুড়ি ছুড়ে মারে। যদিও পাল্টা তৃণমূলের দাবি, বিজেপির লোকেরা তাদের দিকে গরম জল, খিচুড়ি ছোড়ে। শুরু হয় হাতাহাতি। এরইমধ্যে গুরুতর ৮জনকে সিয়ান মহকুমা হাসপাতালে ভর্তি করা হয়। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছয় আমোদপুর ফাঁড়ির পুলিশ। আহত এক বিজেপি কর্মীর স্ত্রীর অভিযোগ, বিজেপি করার জন্যই এই হামলা।

## কর্মবিরতি পালন অস্থায়ী কর্মীদের

দুরন্ত বার্তা, মালদা , ১১ ফেব্রুয়ারি ঃ হাসপাতালে কর্মীদের মাসিক বেতন কেটে নেওয়ার প্রতিবাদে হাসপাতালে সমস্ত রকম পরিষেবা বন্ধ রেখে কর্মবিরতিতে নামলেন চাঁচল সুপার স্পেশালিটি হাসপাতালের অস্থায়ী কর্মীরা। এদিন হাসপাতালের সামনে মাটিতে বসে বিক্ষোভ দেখান অস্থায়ী কর্মীরা। তাদের এই বিক্ষোভের জেরে দীর্ঘক্ষন ব্যাহত হয় চিকিৎসা পরিষেবা। জানা গিয়েছে, চার বছর ধরে চাঁচল সুপার স্পেশালিটি হাসপাতালে অস্থায়ী কর্মীরা এসআইএস নামক সংস্থার অধীনে কাজ করে আসছেন। প্রতিদিনই রোগীদের সেবা-শুশ্রূষা করে আসছেন তারা। তবে পারিবারিক কিংবা শারীরিক কোনো অসুবিধা হলে ছুটি দেওয়া হচ্ছে না, বেতন থেকে কেটে নেওয়া হচ্ছে একদিনের টাকা। অস্থায়ী কর্মীদের অভিযোগ, গতকাল তাদের মাসিক বেতন দেওয়া হয়েছে কিন্তু কোন কারন ছাড়াই সেই বেতনের অংশ থেকে কেটে নেওয়া হচ্ছে পনেরশো থেকে দুই হাজার টাকা। কি কারনে এসআইএস কোম্পানি টাকা কাটলো উত্তর চাইতে আজ সকাল থেকে অস্থায়ী কর্মীরা হাসপাতালের সামনে সমস্ত রকম পরিষেবা বন্ধ রেখে বিক্ষোভ দেখান। তাদের দাবি, যতক্ষণ পর্যন্ত এই কোম্পানির আধিকারিক এসে বলছে কি কারনে এই টাকা কাটা হলো ততক্ষণ পর্যন্ত তারা এই কর্মবিরতি চালাবেন। এদিন হাসপাতালে অস্থায়ী কর্মীদের পরিষেবা বন্ধ থাকায় ব্যাহত হয় হাসপাতালে চিকিৎসা পরিষেবা।

## মানসিক অবসাদে আত্মঘাতী বৃদ্ধ

দুরন্ত বার্তা, নবদ্বীপ, ১১ ফেব্রুয়ারি ঃ মানসিক অবসাদে গলায় ফাঁস দিয়ে আত্মঘাতী এক ব্যক্তি। ঘটনাটি ঘটেছে বুধবার রাতে নবদ্বীপ পৌরসভার ১৩ নং ওয়ার্ডের স্টিমারঘাট রোডের কৃষ্ণকালী তলা এলাকায়। পুলিশ সূত্রে জানতে পারা যায়, মৃত ওই ব্যক্তির নাম বিশ্বনাথ কর্মকার (৫৬)। পুলিশ ও পরিবার সূত্রে জানতে পারা যায়, পেশায় স্বর্ণ শিল্পী বিশ্বনাথ কর্মকার অন্যান্য দিনের মতো বুধবারও আনুমানিক রাত সাড়ে ন'টা নাগাদ বৌবাজারের কর্মস্থল থেকে কৃষ্ণকালীতলার বাড়িতে ফেরেন। এরপর হাত-মুখ ধুয়ে নিজের ঘরে চলে যান বিশ্বনাথ বাবু। এমনই জানা যায় পরিবার সূত্রে। মৃত স্বর্ণ শিল্পী বিশ্বনাথ কর্মকারের শ্যালক বাবু পোদ্দার জানান, আনুমানিক রাত সাড়ে দশটা নাগাদ দিদি রাতের খাবার খাওয়ার জন্য জামাইবাবুকে ডাকতে গিয়ে দেখেন, ঘরের আড়া কাঠে গলায় দড়ির ফাঁসে ঝুলছেন। দিদির চিৎকারে ভাগ্নে ও প্রতিবেশীরা ছুটে এসে জামাইবাবুকে নবদ্বীপ হাসপাতালে নিয়ে গেলে হাসপাতালের চিকিৎসক তাকে মৃত বলে ঘোষণা করেন। খবর পেয়ে বৃহস্পতিবার দুপুরে মৃতদেহটি হাসপাতাল থেকে উদ্ধার করে ময়নাতদন্তের জন্য শক্তিনগর জেলা হাসপাতালে পাঠায় নবদ্বীপ থানার পুলিশ।

## হেনস্থার প্রতিবাদ ব্লক অফিসে বিক্ষোভ

দুরন্ত বার্তা, মালদা, ১১ ফেব্রুয়ারি ঃ ব্লক দফতরের এক কর্মীকে হেনস্তা করার প্রতিবাদে আন্দোলনে নামলেন অন্যান্য কর্মীরা। বৃহস্পতিবার সকাল থেকেই পুরাতন মালদা ব্লক দপ্তরের সামনে গণঅবস্থান অবস্থান এবং বিক্ষোভ আন্দোলনে শামিল হন কর্মীরা। জানা গেছে গত বুধবার রাত্রে সুশান্ত দাস নামে এক কর্তব্যরত কর্মীকে কিছু দুষ্কৃতী হামলা করে এবং প্রাণে মারার চেষ্টা করে অভিযোগ। এরই প্রতিবাদে বৃহস্পতিবার সকাল থেকে কর্মবিরতিতে সামিল হন ব্লক দপ্তরের সমস্ত কর্মীরা। শুধু তাই নয়, কর্মীরা নিজেদের নিরাপত্তার দাবি তুলে এবং সুশান্ত দাসের ওপর যারা হামলা করেছে তাদের গ্রেফতারের দাবি তুলে বিক্ষোভে সামিল হন। যদিও পরে মালদা থানার পুলিশ এবং বিডিওর আশ্বাসে পরিস্থিতি স্বাভাবিক হয়। পুরাতন মালদা পঞ্চায়েত সমিতির বিরোধী দলনেতা নিতাই মন্ডল জানান এই ঘটনার পেছনে তৃণমূল আশ্রিত দুষ্কৃতীরা জড়িত।


## KOLKATA MUNICIPAL CORPORATION - TENDER

Name of the department : **Engineering (Civil), BR-I.** Tender invited & to be received by : **Executive Engineer (Civil), BR-I.** Name of the work & Location; Estimated Amount (including GST & CESS) and Time and Last date of receipt/opening of tender paper are as follows : **(1) Repairing of damaged IPS passages at 41/1, 41/2, 42/5 Lock Gate Road and other places in Ward No.-006; ₹ 3,72,453.72; 23.02.2021 upto 12.00 noon/at 1.00 p.m.; (2) Improvement of IPS passages at 2/1/H/1, 2/1/H/2, 2/1/H/3 etc. Rustomjee Parsee Road and other bustee areas in Ward No.-06; ₹ 4,75,285.92; 24.02.2021 upto 12.00 noon/at 1.00 p.m.;** For detailed information please visit KMC website: **https://www.kmcgov.in**

Name of the department : **Engineering (Civil), BR-VIII.** Tender invited & to be received by : **Executive Engineer (Civil), BR-VIII.** Name of the work & Location; Estimated Amount and Time and Last date of receipt/opening of tender paper are as follows: **(1) Development and beautification of Mohini Mohan Road and Padma Pukur Road adjacent to Jadu Babu Bazar in Ward No.-70, Borough No.-VIII; ₹ 4,80,669.89; (2) Development and beautification of Asutosh Mukherjee Road adjacent to Jadu Babu Bazar in Ward No.-70, Borough No.-VIII; ₹ 4,81,620.76; 22.02.2021 at 12.00 noon/12.30 p.m. (For Sl. No. 1 & 2);** For detailed information please visit KMC website: **https://www.kmcgov.in**

Name of the department : **Engineering (Civil), BR-IX.** Tender invited & to be received by : **Executive Engineer (Civil), BR-IX.** Name of the work & Location; Estimated Amount (including GST & CESS) and Time and Last date of receipt/opening of tender paper are as follows : **(1) Improvement of bustee passage at 41, 45, Chetla Road and 103, 101, Rakhal Das Auddy Road in Ward No.-82; ₹ 4,84,697.32; (2) Repair of bustee I.P. passage at 83, 83D, Chetla Road in Ward No.-82; ₹ 2,84,365.43; (3) Improvement of bustee latrines at 34A, 34B, 34C, Rakhal Das Auddy Road in Ward No.-82; ₹ 2,90,233.83; 19.02.2021 at 12.00 noon/12.30 p.m. (For Sl. No. 1 to 3); (4) Repairing of bituminous road surface from 4/1/H/12 B. K. Road to 10/2 M. M. Ali Road and portion from 38 to 31/H/5 Dr. S. B. Road in Ward No.-77; ₹ 3,39,437.63; (5) Repairing of IPS footpath and passage from 38 to 31/H/5 Dr. Sudhir Bose Road, 4/1/H/12 B. K. Road to 10/2 M. M. Ali Road etc. in Ward No.-77; ₹ 2,98,980.30; 20.02.2021 at 12.00 noon/12.30 p.m. (For Sl. No. 4 & 5);** For detailed information please visit KMC website: **https://www.kmcgov.in**

Name of the department : **Engineering (Civil), BR-X.** Tender invited & to be received by : **Executive Engineer (Civil), BR-X.** Name of the work & Location; Estimated Amount and Time and Last date of receipt/opening of tender paper are as follows : **(1) Demolition of existing dilapidated school with auctioning the demolished materials and made the site free by the agency is all respect for construction of night shelter at 3/1, Naskar Para Lane (Bapuji Colony) in Ward No.-92, BR-X (2nd Call); To be quoted by the Auctioner; (2) Restoration of asphaltum road and IPS passage near Premises No.-3/231 Vidyasagar, 103/8 Raipur Road etc. in Ward No.-099, BR-X; ₹ 3,50,683.74; (3) Construction of catch pit near Premises Nos.-58/14/7, 58/24, 58/66, 58/112 etc. P. A. Shah Road in Ward No.-093, BR-10; ₹ 2,04,669.70; (4) Construction of underground sewerage system near A/6/1, B/14 Katju Nagar in Ward No.-093, BR-X; ₹ 3,81,262.71; (5) Maintenance of IPS passage near 2/85, 81/19, 81/5 Regent Colony & 3/147, 3/123A, 3/112/1 Azadgarh etc. in Ward No.-95, BR-X; ₹ 2,53,457.98; (6) Restoration of asphaltum road and IPS passage near Premises No.-2/32, 2/40, 2/120 Bijoygarh etc. in Ward No.-096, BR-X; ₹ 1,69,890.32; (7) Restoration of asphaltum road disturbed by Water Supply Department for laying of pipe line at Premises No.-1/27 Naktala, 23/3 D. P. P. Road, 87/5/1F/1 Raja S. C. Mullick Road etc. in Ward No.-100, BR-X; ₹ 2,41,550.01; 24.02.2021 at 1.00 p.m./1.30 p.m. (For Sl. No. 1 to 7);** For detailed information please visit KMC website: **https://www.kmcgov.in**

Name of the department : **Engineering (Civil), BR-XI.** Tender invited & to be received by : **Executive Engineer (Civil), BR-XI.** Name of the work & Location; Estimated Amount (including GST & CESS) and Time and Last date of receipt/opening of tender paper are as follows : **Maintenance of road by providing kerb and channel from M-110 to M-357 at M-Block slum area and other places in Ward No.-110; ₹ 4,55,341.93; 20.02.2021 at 12.00 noon/14.00 p.m.;** For detailed information please visit KMC website: **https://www.kmcgov.in**

Name of the department : **Engineering (Civil), BR-XII.** Tender invited & to be received by : **Executive Engineer (Civil), BR-XII.** Name of the work & Location; Estimated Amount and Time and Last date of receipt/opening of tender paper are as follows: **(1) Construction of sewerage drain at Gorru More in Ward No.-108; ₹ 4,77,477.52; (2) Construction of sewerage drain at Gulshan Colony in Ward No.-108; ₹ 4,78,471.85; (3) Construction of bridge/culvert over the Canal at Mundapara in Ward No.-108; ₹ 4,01,914.81; 20.02.2021 at 12.00 noon/1.00 p.m. (For Sl. No. 1 to 3);** For detailed information please visit KMC website: **https://www.kmcgov.in**

Name of the department : **Engineering (Civil), BR-XIII.** Tender invited & to be received by : **Executive Engineer (Civil), BR-XIII.** Name of the work & Location; Estimated Amount (including GST & CESS) and Time and Last date of receipt/opening of tender paper are as follows : **Construction of sanitary latrine at 59, Bhakat Para bustee in Ward No.-119; ₹ 1,08,436.70; 26.02.2021 at 12.00 noon/1.00 p.m.;** For detailed information please visit KMC website: **https://www.kmcgov.in**

Name of the department : **Supply.** Open tender invited & to be received by : **C/ICMP.** Name of the Work; Location; Estimated Amount (including 18% GST) and Last date and time of receipt/opening of tender paper are as follows : **Supply of tools for maintenance of Small Dia Hand Tubewells for Tubewell Department for the F/Y 2020-2021; Supply Department; ₹ 1,59,728.00; 19.02.2021 at 01.30 p.m./02.00 p.m.;** For detailed information please visit KMC website: **https://www.kmcgov.in**

Name of the department : **Printing.** Tender invited & to be received by : **Municipal Secretary.** Name of the work : **Procurement of the Following Papers in the Printing Department, KMC : (i) Azure Laid Medium Paper, 90 GSM, 12 Kg/Ream, Quantity - 200 Reams, (ii) Azure Laid DFC Paper, 90 GSM, 13.4 Kg/Ream, Quantity - 100 Reams, (iii) Craft Paper (36" x 46"), 42.7 Kg/Ream, Quantity - 25 Reams, (iv) Pink Colour Paper (D/Demy), 24 Kg/Ream, Quantity - 10 Reams, (v) Blue Colour Paper (D/Med.), 24 Kg/Ream, Quantity - 10 Reams;** Estimated Amount : **₹ 4,88,200.00;** Earnest Money : **₹ 9,764.00;** Time of Completion : **7 days;** Time and last date of receipt of tender : **23.02.2021 at 12.00 noon;** Time and last date of opening of tender : **23.02.2021 at 2.00 p.m.;** For detailed information please visit KMC website: **https://www.kmcgov.in**

**CORRIGENDUM**

Tender Notice of Engineering Department (Civil), Br-III Department published in this Newspaper on 10.02.2021 (Key No. 754/20-21, Sl. No. 3) date of opening of tender should be read as **15.02.2021** instead of 19.02.2021. Other terms and conditions remain same.

(761/20-21)



## AUCKLAND INTERNATIONAL LIMITED

CIN- L36934WB1977PLC031184
Regd. Office : Jagatdal, North 24 Parganas, W.B.743125
Phones: (033) 2581-2757/3257-5388 Fax: 2581-3795
Email: ail@aucklandjute.com Website: www.aucklandjute.com

**STATEMENT OF STANDALONE UNAUDITED FINANCIAL RESULTS FOR THE THIRD QUARTER / NINE MONTHS ENDED 31ST DECEMBER, 2020**

(Rs. in Lakhs)

| PARTICULARS | Quarter ended 31.12.2020 | 9 Months ended 31.12.2020 | Corresponding Quarter ended 31.12.2019 |
|---|---|---|---|
| Total income from operations (net) | 4795 | 12949 | 4288 |
| Net Profit/(Loss) for the period after tax (after Extraordinary items) | 254 | 503 | 97 |
| Total comprehensive income(loss) for the period | 282 | 511 | 264 |
| Equity Share Capital | 411 | 411 | 411 |
| Reserves (excluding Revaluation Reserve as shown in the Balance Sheet of previous year) | - | - | - |
| Earnings Per Share (of Rs.10/- each) Basic : | 6.19 | 12.26 | 2.36 |
| Diluted: | 6.19 | 12.26 | 2.36 |

Note: The above is an extract of the detailed format of Quarterly Financial Results filed with the Stock Exchange under Regulation 33 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015. The full format of the Quarterly Financial Results are available on the Stock Exchange website (www.cseindia.com) and also on the Company's website (www.aucklandjute.com)

Place : Kolkata
Date : 10.02.2021

By order of the Board
H. S. Bayed
Executive Director



## পূর্বাশা রিসোর্সেস লিমিটেড

(CIN NO- L65993WB1980PLC032908)
রেজি অফিস ঃ পূর্বাশা হাউস, ২৫ পার্ক লেন, কলকাতা-৭০০০১৬, ভারত
ফোন নং. ২২২৯-২৮৮১, ২২৪৯-৫৫২৪, ফ্যাক্স নং. ঃ ৯১-৩৩-৪০৬২৫২৬৯
E-mail : prl@purbasha.co.in, Website : www.purbasha.in

**অনিরীক্ষিত স্বতন্ত্র আর্থিক ফলাফল বিবরণী তিন মাস এবং নয় মাস সমাপ্তে ৩১ ডিসেম্বর, ২০২০**

(লক্ষ টাকায়)

| | বিবরণ | তিন মাস শেষে ৩১.১২.২০২০ ৩ মাস শেষে (অনিরীক্ষিত) | বছর থেকে তারিখ ৩১.১২.২০২০ ৯ মাস শেষে (অনিরীক্ষিত) | চলতি ৩ মাস শেষে পূর্বেকার বছরে ৩১.১২.২০১৯ (অনিরীক্ষিত) |
|---|---|---|---|---|
| ১ | মোট আয় কারবার থেকে | ৫৩.২৭ | ৭৩৩.২৯ | ৭৭.০১ |
| ২ | মোট লাভ / (ক্ষতি) মেয়াদে (করের পূর্বে, অতিরিক্ত এবং / অথবা অসাধারণ আইটেমে) | ২.৭৯ | ৬৪০.৮১ | ৬৪.৭৯ |
| ৩ | মোট লাভ / (ক্ষতি) মেয়াদে (করের পূর্বে , অতিরিক্ত এবং / অথবা অসাধারণ আইটেম পর) | ২.৭৯ | ৬৪০.৮১ | ৬৪.৭৯ |
| ৪ | মোট লাভ / (ক্ষতি) মেয়াদে (করের পর, অতিরিক্ত এবং / অথবা অসাধারণ আইটেম পর) | ৭.৩১ | ৫৭৯.৩৩ | ৪২.৫৪ |
| ৫ | মোট ব্যাপক আয় মেয়াদে ( লাভ / (ক্ষতি) সংযুক্ত মেয়াদে (করের পর) এবং অন্যান্য ব্যাপক আয় (করের পর) | ৭.৩১ | ৫৭৯.৩৩ | ৪২.৫৪ |
| ৬ | ইক্যুইটি শেয়ার মূলধন | ৩০০.১০ | ৩০০.১০ | ৩০০.১০ |
| ৭ | সংরক্ষণ ( উত্থাপিত সংরক্ষণ সহ যা দেখানো হয়েছে নিরীক্ষিত ব্যালেন্স শিটে পূর্বেকার বছরে) | -- | - | - |
| ৮ | শেয়ার প্রতি আয় (১০ টাকা প্রতি) (গণনা এবং অগণনা আয়ে) (এফ.ভি. ১০ টাকা প্রতি) মূল ও মিশ্র | ০.২৪ | ১৯.৯০ | ১.৪২ |

দ্রষ্টব্য ঃ
১. উপরোক্ত ফলাফল সংক্ষিপ্ত রূপ বিস্তারিত ফরম্যাট ত্রৈমাসিক এবং নয় মাস সমাপ্তে ৩১ ডিসেম্বর, ২০২০ পর্যালোচিত হয়েছে অডিট কমিটি দ্বারা এবং তারপর অনুমোদিত হয়েছে বোর্ড অফ ডিরেক্টরদের দ্বারা এবং রেকর্ড গ্রহণ হয়েছে বোর্ডের সভায় ১১ ফেব্রুয়ারি, ২০২১। বিধিসম্মত অডিটরগন সাময়িক পর্যালোচনা করেছেন উপরোক্ত আর্থিক ফলাফল ত্রৈমাসিক ও নয় মাস সমাপ্তে ৩১ ডিসেম্বর, ২০২০।
২. উপরোক্ত সংক্ষিপ্ত রূপ বিস্তারিত ফলাফলের অনিরীক্ষিত আর্থিক ফলাফল কোম্পানির তিন মাস ও নয় মাস সমাপ্তে ৩১ ডিসেম্বর, ২০২০ আর্থিক ফলাফলের যা সম্পূর্ন করা হয়েছে স্টক এক্সচেঞ্জে অধীন ধারা ৩৩ সেবি (লিস্টিং অব্লিগেশানস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্ট) ধারা, ২০১৫ অনুসারে।
৩. বিস্তারিত ফরম্যাট ত্রৈমাসিক আর্থিক আর্থিক ফলাফল পাওয়া যাবে কোম্পানির ওয়েবসাইটে www.purbasha.in।
৪. পূর্বেকার মেয়াদের রাশি পুনসজ্জিত/ পুনসংগ্রহ/ পুনসংযোগ করা হয়েছে প্রয়োজন অনুসারে, চলতি মেয়াদের রাশির সাথে সামঞ্জস্য করার জন্য।

স্থান ঃ কলকাতা
তারিখ ঃ ১১.০২.২০২১

বোর্ডের আদেশানুসারে
বিকাশ আগরওয়াল বিঞ্জরাজকা
চেয়ারম্যান



## RDB REALTY & INFRASTRUCTURE LTD.

GOING TOGETHER GROWING TOGETHER
CIN: L16003WB2006PLC110039
Regd.Office: Bikaner Building, 8/1,Lal Bazar Street, 1st Floor,Room No.10,Kolkata-700001
Phone:033-44500500;Fax:033-22420588
email id:secretarial@rdbindia.com
Website:www.rdbindia.com

**EXTRACT OF UN-AUDITED CONSOLIDATED FINANCIAL RESULTS FOR THE QUARTER ENDED 31ST DECEMBER, 2020** ( Rs. in Lakhs )

| Particulars | Consolidated Quarter ended 31.12.2020 (Unaudited) | Nine Months Ended 31.12.2020 (Unaudited) | Corresponding Quarter ended 31.12.2019 (Unaudited) |
|---|---|---|---|
| Total income from operations (net) | 2,314.21 | 3,243.48 | 1,478.91 |
| Net Profit before Tax and exceptional items | 380.20 | 562.21 | 180.28 |
| Net Profit before Tax after exceptional items | 380.20 | 562.21 | 180.28 |
| Net Profit after Tax | 298.76 | 424.71 | 72.39 |
| Total Comprehesnsive Income for the period (Comprising profit for the period after tax and other comprehensive income after tax) | 298.76 | 424.71 | 72.39 |
| Paid-up Equity Share Capital (Face Value Rs. 10/- Per Share) | 1,728.34 | 1,728.34 | 1,728.34 |
| Reserves (As shown in the Audited Balance Sheet of previous year) | - | - | - |
| Earnings Per Share(of 10/- each) Basic: | 1.73 | 2.46 | 0.42 |
| Diluted: | 1.73 | 2.46 | 0.42 |

**KEY STANDALONE FINANCIAL INFORMATION**

| Particulars | Quarter ended 31.12.2020 (Unaudited) | Nine Months Ended 31.12.2020 (Unaudited) | Corresponding Quarter ended 31.12.2019 (Unaudited) |
|---|---|---|---|
| Total Income | 1988.63 | 2757.15 | 1347.62 |
| Net Profit before Tax | 155.20 | 219.89 | 76.88 |
| Net Profit after Tax | 123.20 | 166.89 | 55.49 |

**Notes:**
1 The above results were reviewed by the Audit Committee on 11th February, 2021 and approved by the Board of Directors of the Company at its meeting held on 11th February,2021.
2 The above is an extract of the detailed format of Quarterly Financial Results filed with the Stock Exchanges under Regulation 33 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations,2015. The full format of the Quarterly Financial Results are available on the website of the Stock Exchange(s) and on the company's website (www.rdbindia.com)

FOR AND ON BEHALF OF THE BOARD
sd/-
Pradeep Kumar Pugalia
Whole-Time Director
DIN:00501351

Place: Kolkata.
Date: 11.02.2021



## SCINTILLA COMMERCIAL & CREDIT LIMITED

CIN : L65191WB1990PLC048276
**Regd.Off:** "Mercantile Building",Block-E,2nd Floor, 9/12, Lalbazar Street,Kolkata-700001
**Corp. off.:** Jajodia Tower, 3, Bentinck Street, Room No. D-8, 4th Floor, Kolkata-700001
**E-MAIL:** info@scintilla.co.in, **WEBSITE:** www.scintilla.co.in

**EXTRACT OF UN-AUDITED STANDALONE AND CONSOLIDATED FINANCIAL RESULTS FOR THE QUARTER AND NINE MONTHS ENDED 31ST DECEMBER, 2020**

(₹ in Lakhs)

| Sl No | Particulars | Standalone Quarter Ended 31.12.2020 Unaudited | Standalone Quarter Ended 30.09.2020 Unaudited | Standalone Quarter Ended 31.12.2019 Unaudited | Standalone Nine Months Ended 31.12.2020 Unaudited | Standalone Nine Months Ended 31.12.2019 Unaudited | Standalone Year ended 31.03.2020 Audited | Consolidated Quarter ended 31.12.2020 Unaudited | Consolidated Quarter ended 30.09.2020 Unaudited | Consolidated Quarter ended 31.12.2020 Unaudited | Consolidated Nine Months ended 31.12.2020 Unaudited | Consolidated Nine Months ended 31.12.2019 Unaudited | Consolidated Year Ended 31.03.2020 Audited |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| 1 | Total Income from Operations | 12.28 | 12.2 | 11.64 | 36.21 | 34.4 | 45.9 | 12.28 | 12.2 | 11.64 | 36.21 | 34.4 | 45.9 |
| 2 | Net Profit / (Loss) for the period (before Tax, Exceptional and/ or Extraordinary items# ) | 9.91 | 7.38 | -6.61 | 20.67 | -5.37 | -2.38 | 9.71 | 8.33 | -6.64 | 25.92 | -5.38 | -2.07 |
| 3 | Net Profit / (Loss) for the period before tax (after Exceptional and/or Extraordinary items# ) | 9.91 | 7.38 | -6.61 | 20.67 | -5.37 | -2.38 | 9.71 | 8.33 | -6.64 | 25.92 | -5.38 | -2.07 |
| 4 | Net Profit / (Loss) for the period after tax (after Exceptional and/ or Extraordinary items# ) | 7.95 | 5.26 | -6.54 | 16.01 | -3.63 | -1.92 | 7.75 | 6.21 | -6.56 | 21.26 | -3.64 | 0.95 |
| 5 | Total Comprehensive Income for the period [Comprising Profit / (Loss) for the period (after tax) and Other Comprehensive Income (after tax)] | 7.95 | 5.28 | -6.54 | 16.03 | -3.63 | -1.92 | 7.75 | 6.23 | -6.56 | 21.28 | -3.64 | 0.95 |
| 6 | Equity Share Capital | 1002.78 | 1002.78 | 1002.78 | 1002.78 | 1002.78 | 1002.78 | 1002.78 | 1002.78 | 1002.78 | 1002.78 | 1002.78 | 1002.78 |
| 7 | Earnings Per Share (of Rs. 10/- each) (for continuing and discontinued operations) | | | | | | | | | | | | |
| 8 | Basic & Diluted | 0.08 | 0.05 | -0.07 | 0.16 | -0.04 | -0.02 | 0.08 | 0.06 | -0.07 | 0.21 | -0.04 | 0.01 |

Notes :
1 The above is an extract of the detailed format of the Un-Audited Standalone and Consolidated Financial Results for the Quarter and Nine Months ended 31st December, 2020 filed with the Stock Exchanges under Regulation 33 of the SEBI (LODR) Regulations, 2015. The full format of the Quarter and Nine Months ended Un-Audited Standalone and Consolidated Financial Results is available on the Stock Exchange at www.bseindia.com & www.cse-india.com and also on the websites of the company at www.scintilla.co.in.
2 The above results have been reviewed by the audit committee and approved by the Board of Directors at their meeting held on 11th February, 2021.

For SCINTILLA COMMERCIAL & CREDIT LIMITED
SD/-
JITENDRA KUMAR GOYAL
DIRECTOR
DIN: 00468744

Place : Kolkata
Dated :11.02.2021